

উত্তরবঙ্গ সংবাদ

Malda, 21 July, 2016

16 Pages Rs. 3.00 ইনটারনেট সংস্করণ : <http://www.uttarbangasambad.com>

জেলা শিশু-কিশোর সম্মেলনে কুসংস্কার দূর করায় জোর

কালিয়াচক, ২১ জুলাই : পশ্চিমবঙ্গ সরকার ও ইউনিসেফের যৌথ উদ্যোগে শিশু-কিশোর সম্মেলন ২০১৬ বৃহস্পতিবার সকালে শুরু হল কালিয়াচক-৩ নম্বর ব্লকের প্রমোদ ভবনে। জেলা প্রশাসনের সহযোগিতায় আয়োজিত এই সম্মেলনে হাজির ছিলেন অতিরিক্ত জেলাশাসক পদম সুনম, কালিয়াচক-৩ বিডিও দুলালচন্দ্র সরকার সহ বিশিষ্টজনেরা। সম্মেলন চলবে দুইদিন ব্যাপী। এদিনের শিশু-কিশোর সম্মেলনে বৈষ্ণবনগর এলাকার প্রচুর শিশু ও কিশোররা উপস্থিত হয়। ফুলের তোড়া দিয়ে অতিথিদের বরণ করার পরে শুরু হয় মূল অনুষ্ঠান। প্রথমে বক্তব্য রাখেন বিডিও দুলালচন্দ্র সরকার। পরে অতিরিক্ত জেলাশাসক বক্তব্য দেন। বিডিও বলেন, আমরা সকলে মিলে যদি কাজ করি তবে এলাকা থেকে সব ধরনের কুসংস্কার দূর হয়ে যাবে। এলাকার প্রতিটি বাড়িতে শৌচাগার তৈরি করতে হবে। এখনো যারা খোলা মাঠে শৌচকর্ম করে



কুসংস্কার দূর করতে সচেতনতামূলক অনুষ্ঠানে পড়ুয়ারা।-সংবাদচিত্র

থাকেন, তাদেরকে সতর্ক করতে হবে। যদি না শোনে তবে আমি তোমাদের হাতে একটি করে বাঁশি তুলে দেব। যারা মাঠেঘাটে শৌচকর্ম করবে সঙ্গে সঙ্গে তোমরা সেই বাঁশি বাজাতে থাকবে। বাল্যবিবাহ রোধ করার বিষয়েও বিস্তার আলোচনা করেন তিনি। অতিরিক্ত জেলাশাসক পদম সুনম বলেন, জেলা প্রশাসনের সহযোগিতায়

আমরা শিশু-কিশোর সম্মেলনের আয়োজন করছি। এই অনুষ্ঠানটি দুইদিন চলবে। এখানে বিভিন্ন সাংস্কৃতিক সংস্কার লোকজন ও নাট্যকর্মীরা উপস্থিত রয়েছেন। দুইদিন ধরে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান চলবে। সেই সঙ্গে নাটক হবে। এটি মূলত সচেতনতামূলক অনুষ্ঠান। এখানে বেশ কয়েকটি স্টল বসানো হয়েছে।